-বিজ্ঞপ্তি-

ঢাকা বিশ্ববিদ্যালয়: বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ভর্তি অফিসের নিম্নলিখিত শূন্য পদগুলো পূরণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে :-

| ক্র: নং | পদের নাম ও বেতন | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১. | **সিস্টেম এনালিস্ট, গ্রেড-৫**<br>টা: ৪৩,০০০-৬৯,৮৫০/-<br>(জাতীয় বেতন স্কেল-২০১৫) | ০১ (এক) টি | প্রার্থীকে অবশ্যই যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল, কম্পিউটার বিজ্ঞান, তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল, তথ্য প্রযুক্তি/সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং , ফলিত পদার্থবিজ্ঞান ও ইলেক্ট্রনিক্স বিষয়গুলোর মধ্যে যে কোনটিতে ৪ বছরের স্নাতক অথবা ৩ বছরের স্নাতক ডিগ্রির সাথে ন্যূনতম ১ বছরের মাস্টার্স ডিগ্রিধারী হতে হবে। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত/বিদেশি/বহুজাতিক অথবা স্বীকৃত বেসরকারী প্রতিষ্ঠানে সফটওয়্যার তৈরির কাজে উপরোক্ত বিষয়গুলোর মধ্যে স্নাতকোত্তর ডিগ্রিধারীদের ক্ষেত্রে কমপক্ষে ১০ বছরের এবং স্নাতক ডিগ্রিধারীদের ক্ষেত্রে কমপক্ষে ১২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীদের শিক্ষা জীবনে কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। প্রার্থীর Oracle PL/SQLও DBA, Object Oriented Programming , PHP (Raw) , java Script, Service Oriented Architecture (SoA), Design Pattern, ইত্যাদি সহ সমসাময়িক টেকনোলজি ব্যবহার করে ওয়েবভিত্তিক এ্যাপ্লিকেশন সফটওয়্যার তৈরী, সার্ভিস/API ডেভেলপমেন্ট ও ডেপ্লয়মেন্টের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। যে কোন প্রতিষ্ঠানের বিভিন্ন সফটওয়্যার সিস্টেমের ইন্টিগ্রেশন, সফটওয়্যার টেস্টিং টুলের ব্যবহার , বিভিন্ন স্ট্যান্ডার্ড অনুসরন করে প্রোগ্রাম লিখার অভিজ্ঞতা , পেমেন্ট গেটওয়ে সার্ভিস তৈরি ও ব্যবহার ইত্যাদি বিষয়ে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। |
| ০২. | **প্রোগ্রামার, গ্রেড-৬**<br>টা: ৩৫,৫০০-৬৭,০১০/<br>(জাতীয় বেতন স্কেল-২০১৫) | ০১ (এক)টি | প্রার্থীকে বিজ্ঞানে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/জিপিএ ৫ স্কেলে ন্যূনতম ৩.৫ অথবা সিজিপিএ ৪ স্কেলে ন্যূনতম ৩.০০ এবং ৩/৪ বছর মেয়াদী কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/তথ্য প্রযুক্তি বিষয়ে সরকারি বা সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে বি.এসসি/সমমান পরীক্ষায় জিপিএ ৫ স্কেলে ন্যূনতম ৩.৫ অথবা ৪ স্কেলে ন্যূনতম ৩.০০ থাকতে হবে। সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ৬(ছয়) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অভ্যন্তরীণ প্রার্থীর গোপনীয় প্রতিবেদন সন্তোষজনক সাপেক্ষে চাকরির অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ০৩. | **সহকারী প্রোগ্রামার, গ্রেড-৯**<br>টা: ২২,০০০- ৫৩,০৬০/-<br>(জাতীয় বেতন স্কেল-২০১৫) | ০২ (দুই) টি | প্রার্থীকে বিজ্ঞানে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/জিপিএ ৫ স্কেলে ন্যূনতম ৩.৫ অথবা সিজিপিএ ৪ স্কেলে ন্যূনতম ৩.০০ এবং ৪ বছর মেয়াদী কম্পিউটার সায়েন্সেস এন্ড ইঞ্জিনিয়ারিং/সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/তথ্য প্রযুক্তি বিষয়ে সরকারি বা সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে বি.এসসি/সমমান পরীক্ষায় জিপিএ ৫ স্কেলে ন্যূনতম ৩.৫ অথবা ৪ স্কেলে ন্যূনতম ৩.০০ থাকতে হবে। অভ্যন্তরীণ প্রার্থীর গোপনীয় প্রতিবেদন সন্তোষজনক সাপেক্ষে চাকরির অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। প্রার্থীর বয়স অনূর্ধ্ব ৩২ বছর হতে হবে। |

রেজিস্ট্রারের অনুকূলে ১ নং পদের জন্য প্রদেয় ১০০০/-(এক হাজার) টাকা এবং ২ নং ও ৩ নং পদের জন্য প্রদেয় ৭৫০/-(সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সকল সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ৮ (আট) সেট দরখাস্ত আগামী **২৪-০৭-২০২৫** তারিখের মধ্যে রেজিস্ট্রারের (**২০৩ নং কক্ষে**) নিকট পৌঁছাতে হবে। শিক্ষাগত যোগ্যতা,অভিজ্ঞতা ও অন্যান্য যোগ্যতার সনদপত্রসমূহ (যদি থাকে) আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে যে কোন একটি শর্ত শিথিলযোগ্য।